সংবাদ

22 MAY 2017

# শিক্ষকদের অবসরভাতা যাবে ব্যাংক হিসাবে

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষকতায় কিছু অসৎ লোক ঢুকে গেছেন অভিযোগ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'তারা ক্লাসে না পড়িয়ে বাড়িতে পড়ানোর কৌশল তৈরি করেছেন। এসব শিক্ষক বাড়িতে টাকা দিয়ে পড়ান। সংখ্যায় কম হলেও কিছু শিক্ষক পরীক্ষাকেন্দ্রে এমসিকিউ প্রশ্নের উত্তর বলে দিচ্ছেন। এর চেয়ে কুশিক্ষা আর কী হতে পারে?' মন্ত্রী গতকাল রাজধানীর পলাশীর ব্যানবেইস ভবনে এক অনুষ্ঠানে এ কথা শিক্ষকদের : পৃষ্ঠা : ২ ক : ১

## শিক্ষকদের : অবসরভাতা

(১৬ পৃষ্ঠার পর)

বলেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ সুবিধার টাকা অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে দেয়ার কার্যক্রম উদ্বোধনের জন্য এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং কল্যাণ ট্রাস্ট যৌথভাবে এর আয়োজন করে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান, অবসর কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব অধ্যক্ষ শাহজাহান আলম সাজু, অবসর সুবিধা বোর্ডের সদস্য সচিব শরীফ আহমদ সাদী প্রমুখ।

শিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষার মান বৃদ্ধি পেয়েছে। কিন্তু এটা আজকের দিনে যথেষ্ট নয়। মান আরও বাড়াতে হবে। সরকার এখন সে কাজটিই করছে। এজন্য শিক্ষকরাই হলেন নিয়ামক শক্তি, তাঁরাই আসল শিক্ষাটা দেবেন।'

অনুষ্ঠানে মন্ত্রী এক হাজার ৮৫১ জন হজে গমনেচ্ছু অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীকে কল্যাণ ও অবসর ভাতার ৬৩ কোটি ৮৭ লাখ টাকার সুবিধা প্রদান করেন।

এ সময় তিনি ভিডিও কনফারেন্সের মাধ্যমে গোপালগঞ্জের টুঙ্গীপাড়া, সিলেটের কোম্পানীগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়ার কসবা এবং কিশোরগঞ্জের সদরে প্রশাসনের কর্মকর্তা ও অনলাইনে টাকাপ্রাপ্ত শিক্ষকের সাথে কথা বলেন।

নুরুল ইসলাম নাহিদ অবসর ও কল্যাণ সুবিধার টাকা দেয়ার ক্ষেত্রে আর্থিক সীমাবদ্ধতার কথা উল্লেখ করে বলেন, অবসরপ্রাপ্ত শিক্ষকদের দুর্দশা লাগবের জন্য বর্তমান অর্থবছরে সরকার অবসর বোর্ড ও কল্যাণ ট্রাস্টে ৬৫০ কোটি টাকা বরাদ্দ দিয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
স্বাক্ষর